Urgent
AA
28/7/2025

Prosanta Kumer Shaha
Director (CNS) CC
CAAB HQ, Dhaka-1229

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা
শৃঙ্খলা ও তদন্ত শাখা
www.caab.gov.bd

…০০০০.২০১.৫৫.০৬০.১৭. ৫৫৯

তারিখ: ০৭ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ
২২ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ

বিষয়: দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ।

যেহেতু, আপনি জনাব মোঃ আরিফ-উর-রহমান, সহকারী পরিচালক (সিএনএস) আপনার স্ত্রীর উচ্চশিক্ষা লাভে সহায়তার জন্য যুক্তরাষ্ট্র গমনের উদ্দেশ্য বহিঃবাংলাদেশ ছুটির আবেদনের প্রেক্ষিতে বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের গত ১৫/০৮/২০২৪ তারিখের ৮৮০নং স্মারকের পত্রমূলে ১৫ (পনের) দিন বহিঃবাংলাদেশ অর্জিত ছুটির অনুমোদনপ্রাপ্ত হয়ে ১৮/০৮/২০২৪ তারিখ যুক্তরাষ্ট্র গমন করেন, কিন্তু অনুমোদিত ছুটি ভোগ শেষে যথাসময়ে দেশে প্রত্যাবর্তন না করে অনুমোদিত ছুটির ধারাবাহিকতায় ১৭/১২/২০২৪ তারিখ পর্যন্ত ৩ মাস ১৫ দিন বহিঃবাংলাদেশ ছুটি বর্ধিত করার আবেদন প্রেরণ করেন এবং আপনার ২৯/০৮/২০২৪ তারিখের উক্ত আবেদন কর্তৃপক্ষ কর্তৃক নামঞ্জুরপূর্বক আপনাকে অতিদ্রুত দেশে প্রত্যাবর্তন করে কাজে যোগদানের জন্য অনুরোধ করা হয়;

২.০ যেহেতু, আপনি বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় কেন আপনার বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে না মর্মে গত ০৮/১২/২০২৪ তারিখ ব্যাখ্যা তলব করা হলেও আপনার নিকট হতে কোন জবাব পাওয়া যায়নি এবং পরবর্তীতে ছুটি নামঞ্জুর পত্র ও ব্যাখ্যা তলব পত্র পুনরায় বিশেষ বাহক মারফত আপনার ঢাকাস্থ আবাসিক ঠিকানায়, আপনার ব্যক্তিগত ই-মেইল ও WhatsApp নাম্বারে প্রেরণ করা হলেও আপনি কর্তৃপক্ষের পত্রের কোন জবাব দাখিল না করে অতিরিক্ত ৬ মাস ছুটি বর্ধিত করার জন্য পুনরায় আবেদন জানান;

৩.০ যেহেতু, আপনার ১৬/১২/২০২৪ তারিখের আবেদন গ্রহণযোগ্য হিসেবে বিবেচিত না হওয়ায় এবং অনুমতিসহ দেশ ত্যাগ করে বিনা অনুমতিতে অনুমোদিত সময়ের পর বিগত ০২/০৯/২০২৪ তারিখ হতে ৬০ (ষাট) দিনের অধীক সময় যাবৎ বিদেশে অবস্থান করায়, আপনার উক্তরূপ কার্যকলাপ বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ-এর কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর বিধি ৪৯(খ) ও ৪৯(গ) অনুযায়ী যথাক্রমে 'অসদাচরণ' ও 'পলায়ন'-এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ বিধায় আপনার বিরুদ্ধে উক্ত অভিযোগ আনয়ন করে স্মারক নং-৩০.৩১.০০০০.২০১.৫৫.০৬০.১৭.৫৫৩৬ তারিখ: ১২ মার্চ ২০২৫ মূলে বিভাগীয় মামলা নং-০২/২০২৫ রুজুপূর্বক ১০(দশ) কার্যদিবসের মধ্যে জবাব দাখিলের জন্য বলা হয়। বিভাগীয় মামলার অভিযোগনামা ও অভিযোগ বিবরণী আপনার ঢাকাস্থ আবাসিক ঠিকানা, স্থায়ী ঠিকানা ও বহিঃবাংলাদেশ ঠিকানায় প্রেরণসহ ব্যক্তিগত ই-মেইল ও WhatsApp নাম্বারে প্রেরণ করা হয় এবং কর্তৃপক্ষের ওয়েবসাইটে প্রচার করা হয়। এছাড়া, পত্রটি উপ-পরিচালক (এইচ.আর)-এর দাপ্তরিক ই-মেইল হতে আপনার ব্যক্তিগত ই-মেইলে গত ০৬/০৪/২০২৫ তারিখ পুনরায় প্রেরণ করা হয়; এবং

৪.০ যেহেতু, নির্ধারিত সময়ের মধ্যে আপনার নিকট হতে কোন জবাব না পাওয়ায় বিভাগীয় মামলায় আনীত অভিযোগ তদন্তের সিদ্ধান্ত হলে একজন তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয় এবং তদন্তকারী কর্মকর্তা অভিযোগ তদন্তপূর্বক গত ০২/০৭/২০২৫ তারিখ তদন্ত প্রতিবেদন দাখিল করেন, যাতে আপনার বিরুদ্ধে বিভাগীয় মামলায় আনীত 'অসদাচরণ' ও 'পলায়ন'-এর অভিযোগ তদন্তকারী কর্মকর্তার প্রতিবেদনে প্রমাণিত হয়েছে।

৫.০ সেহেতু, তদন্ত প্রতিবেদনের ভিত্তিতে অভিযোগের গুরুত্ব বিবেচনায় বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ-এর কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর বিধি ৫০(১)(খ)(উ) অনুযায়ী বেবিচক আপনাকে 'চাকরি হতে বরখাস্তকরণ' সূচক গুরুদণ্ড আরোপের প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ করেছে (তদন্ত প্রতিবেদনের কপি সংযুক্ত); এবং

৬.০ সেহেতু, উক্ত সিদ্ধান্ত মোতাবেক কেন আপনার প্রতি 'চাকরি হতে বরখাস্তকরণ' গুরুদণ্ড অথবা অন্য কোন উপযুক্ত দণ্ড আরোপ করা হবে না, সে বিষয়ে বেবিচক-এর কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর বিধি ৫৩(৬) মোতাবেক ৭ (সাত) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে কারণ দর্শানোর জন্য নির্দেশ প্রদান করা হলো। যথাসময়ে জবাব পাওয়া না গেলে একতরফাভাবে বিধি মোতাবেক পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে।

সংযুক্ত: বর্ণনামতে তদন্ত প্রতিবেদন ৩ (তিন) পাতা।

এয়ার ভাইস মার্শাল মোঃ মোস্তফা মাহমুদ সিদ্দিক
বিএসপি, জিইউপি, এনডিসি, এএফডব্লিউসি, এসিএসসি, পিএসসি
চেয়ারম্যান
ফোন: ৪১০৯১০০০

জনাব মোঃ আরিফ-উর-রহমান
(পিতা-মোঃ মজিবুর রহমান), সহকারী পরিচালক (সিএনএস)
পদায়ন: কক্সবাজার বিমানবন্দর, সংযুক্তিকৃত কর্মস্থল: হশাআবি, ঢাকা।
বর্তমান ঠিকানা: বাসা-বি ১/১, ক্যাব কোয়ার্টার, রোড-২৬, বনানী, ঢাকা।
বহিঃবাংলাদেশ ঠিকানা: Lafayette, Louisiana, U.S.A.
স্থায়ী ঠিকানা: বাড়ী-৩৭, রোড-৪, গ্রাম-শ্রী নারায়ন কান্দি, ইউনিয়ন-বলরামপুর, ডাকঘর-গাজীপুর, থানা-তিতাস, জেলা-কুমিল্লা (মোবাইল-০১৮৪৭৩০৫৬৮৩)।

পাতা-০২ দ্রষ্টব্য

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সদস্য (পরিচালনা ও পরিকল্পনা), সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।

২। সদস্য (প্রশাসন), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।

৩। নির্বাহী পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, কুর্মিটোলা, ঢাকা।

৪। পরিচালক (প্রশাসন), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।

৫। পরিচালক (সম্পত্তি ব্যবস্থাপনা), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।

৬। পরিচালক (সিএনএস) (চলতি দায়িত্ব), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ দাপ্তরিক ই-মেইল হতে পত্রটি সংশ্লিষ্ট কর্মকর্তার ব্যক্তিগত ই-মেইল, WhatsApp নম্বরে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ প্রমাণক প্রশাসন বিভাগে প্রেরণের জন্য)।

৭। পরিচালক (রুটিন দায়িত্ব), কক্সবাজার বিমানবন্দর, কক্সবাজার (অভিযুক্ত কর্মকর্তার অনুকূলে অতিরিক্ত প্রদানকৃত বেতন-ভাতাদি ফেরত আনার তথ্য প্রশাসন বিভাগে প্রেরণের জন্য)।

৮। সহকারী পরিচালক (হশাআবি'র প্রশাসনিক ও ফ্যাসিলিটেশন এর দায়িত্বে), হশাআবি, ঢাকা (দাপ্তরিক ই-মেইল হতে পত্রটি সংশ্লিষ্ট কর্মকর্তার ব্যক্তিগত ই-মেইল, WhatsApp নম্বরে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ প্রমাণক প্রশাসন বিভাগে প্রেরণের জন্য)।

২২. ৭. ২০২৫

এয়ার ভাইস মার্শাল মোঃ মোস্তফা মাহমুদ সিদ্দিক
বিএসপি, জিইউপি, এনডিসি, এএফডব্লিউসি, এসিএসসি, পিএসসি
চেয়ারম্যান

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
প্রশাসন বিভাগ
www.caab.gov.bd

স্মারক নং: ৩০.৩১.০০০০.১৬৫.২০২.১০.২৫/০১ তারিখ: ০২ জুলাই ২০২৫

বিষয়ঃ কর্তৃপক্ষের সিএনএস বিভাগে কর্মরত জনাব মোঃ আরিফুর রহমান, সহকারী পরিচালক (সিএনএস) এর স্ত্রীর উচ্চ শিক্ষা লাভের উদ্দেশ্যে তার স্ত্রীকে যুক্তরাষ্ট্রে সহযোগীতার জন্য গত ১৫/০৮/২০২৪ তারিখে ১৫ দিনের বহিঃ বাংলাদেশ ছুটি নিয়ে বিদেশ গমন করে অদ্যাবধী দেশে প্রত্যাবর্তন পূর্বক কাজে যোগদান না করায় কর্তৃপক্ষ সূত্র নং ৩০.৩১.০০০০.২০১.৫৫.০৬০.১৭.৫৫৩৬, তারিখঃ ১২ মার্চ ২০২৫ পত্র দ্বারা বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এর প্রবিধান মালা, ২০২১ এর বিধি ৪৯ (খ) ও ৪৯ (গ) অনুযায়ী যথাক্রমে 'অসদাচরন' ও 'পলায়ণ' এর অভিযোগ আনয়ন করে তার বিরুদ্ধে কর্তৃপক্ষ কর্তৃক দায়েরকৃত বিভাগীয় মামলা নং-০২/২০২৫ এর তদন্ত প্রতিবেদন।

সূত্র: ৩০.৩১.০০০০.০০০.২০১.৫৫.০০৬০.১৭.৩৯৮, তারিখ: ০৮ মে ২০২৫

ক. ভূমিকা:

স্মারক নং ৩০.৩১.০০০০.০০০.২০১.৫৫.০০৬০.১৭.৩৯৮, তারিখ: ০৮ মে ২০২৫ মূলে উল্লেখিত বিভাগীয় মামলাটি আমি নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরিত হলে উক্ত মামলাটির নথিপত্র গত ১৫ মে ২০২৫ তারিখে স্যাটো অফিস থেকে প্রাপ্ত হয়ে মামলা টি শুনানির জন্য পদক্ষেপ গ্রহণ করি।

যেহেতু কর্তৃপক্ষের সিএনএস বিভাগে কর্মরত জনাব মোঃ আরিফুর রহমান, সহকারী পরিচালক (সিএনএস) তার এর স্ত্রীর উচ্চ শিক্ষা লাভের উদ্দেশ্যে তার স্ত্রীকে যুক্তরাষ্ট্রে সহযোগীতার জন্য গত ১৫/০৮/২০২৪ তারিখ হতে ১৫ দিনের বহিঃবাংলাদেশ ছুটি নিয়ে বিদেশ অবস্থান করছেন, সেহেতু আমি তার সাথে শুনানির জন্য যোগাযোগের মাধ্যম হিসাবে ই-মেইল কে পত্র যোগাযোগের একমাত্র মাধ্যম হিসাবে গ্রহণ করি। সেই মোতাবেক আমি তাকে সকল প্রশ্ন ই-মেইল মাধ্যমে শুনানির নিমিত্তে সকল প্রশ্ন পত্র প্রেরণ করি এবং ই-মেইল মাধ্যমে সকল প্রশ্নের উত্তর গ্রহণ করি, প্রয়োজনে প্রমাণক হিসাবে মেইলের স্ক্রিন শর্ট সংরক্ষণ করি।

**খ. অভিযোগ সমূহ:**

খ. ১. তার স্ত্রী উচ্চ শিক্ষা লাভে সহযোগীতার উদ্দেশ্যে গত ১৫/০৮/২০২৪ হতে ১৫ দিনের বহিঃ বাংলাদেশ ছুটি নিয়ে যুক্তরাষ্ট্রে গমনের পর ছুটি শেষে যথা সময়ে দেশে প্রত্যাবর্তন পূর্বক কাজে যোগদান না করার কারণে তাকে ব্যাখ্যা তলব করা হয়, কিন্তু তিনি কর্তৃপক্ষের চাহিত ব্যাখ্যা তলবের জবাব ১০ কার্যদিবসের মধ্যে দেন নাই মর্মে অভিযোগ পাওয়াগেছে।

খ. ২. জনাব মোঃ আরিফুর রহমান, সহকারী পরিচালক (সি এন এস) অনুমতিসহ দেশ ত্যাগ করে বিনা অনুমতিতে অনুমোদিত সময়ের পর বিগত ০২/০৯/২০২৪ তারেখ হতে ৬০ (ষাট) দিনের অধিক সময় যাবৎ বিদেশে অবস্থান করায় বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের কর্মচারী প্রবিধান মালা, ২০২১ এর বিধি ৪৯(খ) ও ৪৯ (গ) অনুযায়ী যথাক্রমে 'অসদাচরণ' ও 'পলায়ণ' এর সঙ্গায় সঙ্গায়ীত অভিযোগে অভিযুক্ত।

গ. বিচার্য ও সিদ্ধান্তযোগ্য বিষয়সমূহ:

গ. ১. জনাব মোঃ আরিফুর রহমান, সহকারী পরিচালক (সি এন এস) ১৫/০৮/২০২৪ তারিখ হতে ১৫ দিনের বহিঃবাংলাদেশ ছুটি নিয়ে বিদেশ গমন করে ছুটি শেষে যথাসময়ে দেশে প্রত্যাবর্তন পূর্বক কাজে যোগদান করেছেন কী/না?

২. জনাব মোঃ আরিফুর রহমান, সহকারী পরিচালক (সি এন এস) সময়মত দেশে প্রত্যাবর্তন করে কাজে যোগদান না করে ছুটি বৃদ্ধি আবেদন করেছিলেন, কিন্তু ছুটি না-মঞ্জুর হওয়ার পরও তিনি অদ্যাবধী বিদেশে অবস্থান করছেন যা উর্ধ্বতন কর্মকর্তার আদেশ অমান্য (অসদাচরণ) করে বিদেশে অবস্থান করায় অসদাচরণের অভিযোগে অভিযুক্ত কী/না?

৩. জনাব মোঃ আরিফুর রহমান, সহকারী পরিচালক (সি এন এস) সময়মত দেশে প্রত্যাবর্তন করে কাজে যোগদান না করে ছুটি বৃদ্ধি আবেদন করেছিলেন, কিন্তু ছুটি না-মঞ্জুর হওয়ার পরও তিনি অদ্যাবধী বিদেশে অবস্থান করছেন, এই অভিযোগে তিনি 'পলয়ন' এর সঙ্গায় সঙ্গায়ীত অভিযোগে অভিযুক্ত কী / না?

**ঘ. সাক্ষ্য প্রমাণাদি ও ই মেইল মাধ্যমে প্রাপ্ত পত্রের পর্যালোচনা :**

১। জনাব আরিফুর রহমান, সহকারী পরিচালক (সিএনএস) তার স্ত্রীর উচ্চশিক্ষায় সহযোগীতার উদ্দেশ্যে ১৫ দিনের বহিঃবাংলাদেশ ছুটি নিয়ে গত ১৮/০৮/২০২৪ তারিখে যুক্তরাষ্ট্র গমন করেন, কিন্তু ০২/০৯/২০২৪ তারিখ দেশে ফিরে কাজে যোগদান করার কথা থাকলেও তিনি তা করেন নাই।

২। সেই মর্মে গত ০৮/১২/২০২৪ তারিখ স্মারক নং: ৩০.৩১.০০০০.২০১.৫৫.০৬০.১৭.৫৩৩৬, তারিখ: ০৮/১২/২০২৪ পত্রের মাধ্যমে তার নিকট ব্যাখ্যা চাওয়া হয়। তার বিরুদ্ধে কর্তৃপক্ষ কর্তৃক আনিত অভিযোগের বিবরণীতে জানা যায় সূত্রে বর্ণিত ০৮/১২/২০২৪ তারিখে চাহিত ব্যাখ্যার জবাবও তিনি দেন নাই। অপর দিকে জনাব আরিফুর রহমান জানিয়েছেন যে, তিনি স্মারক: ৩০.৩১.০০০০.২০১.৫৫.০৬০.১৭.৫৩৩৬, তারিখ: ০৮/১২/২০২৪ পত্রটি গত ২৩/০১/২০২৫ তারিখে পেয়েছেন এবং উক্ত পত্রে চাহিত ব্যাখ্যার জবাব পত্র প্রাপ্তির ০৭ (সাত) দিনের মধ্যে অর্থাৎ ৩০/০১/২০২৫ তারিখে তার অবস্থান ব্যাখ্যা করে সদস্য প্রশাসন মহোদয়ের বরাবরে ই-মেইলে (madmin@caab.gov.bd) পত্র প্রেরণ করেছিলেন।

৩। এখানে উল্লেখ্য যে, জনাব আরিফুর রহমান বিনা অনুমতিতে অনুপস্থিত থাকার কারণে ব্যাখ্যা চাহিত পত্র খানা ৪৫ দিন পরে প্রাপ্ত হয়েছিলেন, কারণ ডেসপাস কর্তৃক প্রেরিত পত্রগুলো ডাক মারফত পৌছাতে সময় ব্যয় হয়েছে। অবশ্য পরে ই-মেইল মাধ্যমে ৪৫ দিন পর পত্রগুলো প্রাপ্ত হয়েছিলেন যার প্রমাণক স্বরূপ ই-মেইলের স্ক্রিনশর্ট এর কপি সংযুক্ত।

৪। এই প্রসংঙ্গে জনাব ফারিহা নুসরাত, অফিস সহকারী এর লিখিত বক্তব্যে জানান যে তিনি তার নিয়ামক কর্মকর্তাগণ হতে প্রাপ্ত সকল পত্র যথাসময়ে সিএএবি'র ডেসপাস শাখায় প্রেরণ করেছিলেন। ডাকযোগে উক্ত পত্রগুলো সুদূর যুক্তরাষ্ট্রে অথবা তার স্থানীয় ঠিকানায় পৌছতে সময় লেগে যায়। ফলে তার (জনাব আরিফুর রহমান) বিরুদ্ধে ছুটি না-মঞ্জুর ও পলায়নের কারণে ব্যাখ্যা তলব এবং বেতন বন্ধের পত্রগুলো যথাসময়ে পাননি মর্মে বুঝতে পারার পরে উক্ত পত্রগুলো পুনরায় জনাব আরিফুর রহমানের ই-মেইল এবং হটসঅ্যাপ মাধ্যমে গত ২৩/০১/২০২৫ তারিখে প্রেরণ করেছিলেন (জনাব ফারিহা নুসরাতের লিখিত বক্তব্যের কপি সংযুক্ত)।

এখানে জনাব ফারিহা নুসরাত তার লিখিত বক্তব্যে আরো উল্লেখ করেন যে, তিনি জনাব আরিফুর রহমানের সকল ঠিকানায় ডাকযোগে পত্র প্রেরণের বিকল্প মাধ্যম হিসেবে হটসঅ্যাপ এবং ই-মেইলে পত্র পাঠানোর বিষয়টি প্রথমে তার বোধগম্যতায় আসে নাই এবং তিনি নথি পরিচালনায় নতুন হিসেবে উক্ত মাধ্যমে চিঠি প্রেরণ করা যেতে পারে এ ধরণের অভিজ্ঞতা তার ছিল না। ফলে জনাব আরিফুর রহমান এর পত্রগুলো পেতে বিলম্ব হয়েছিল।

৫। জনাব আরিফুর রহমান গত ২৯/০৮/২০২৪ তারিখ ১ম বার কর্তৃপক্ষের চেয়ারম্যান বরাবর সিভিল এভিয়েশন প্রবিধান মালা ২০২১ এর অধ্যায় ৪ ধারা ১৬ উল্লেখ করে গত ১৭ ডিসেম্বর ২০২৪ পর্যন্ত মোট ০৪ (চার) মাসের জন্য তার একমাত্র পুত্রের স্কুল ভর্তির অজুহাতে অতিরিক্ত সময় প্রয়োজনের কথা জানিয়ে (১ম বার) ছুটি বৃদ্ধির জন্য আবেদন পত্র প্রেরণ করেছিলেন। অতঃপর তিনি পুনরায় গত ১৬/১২/২০২৪ (২য় বার) তার একমাত্র পুত্রের (বয়স ০৪) চোখের চিকিৎসার কথা জানিয়ে যুক্তরাষ্ট্রে আরো সময় (সর্বমোট ছয় মাসের জন্য) প্রয়োজন মর্মে আবেদন করেছিলেন।

৬। ইতোমধ্যে সদর দপ্তর থেকে প্রেরিত তিনখানা পত্র স্মারক নং যথাক্রমে (ক) কর্মস্থলে বিনা অনুমতিতে অনুপস্থিত থাকায় ব্যাখ্যা তলব: ৩০.৩১.০০০০.২০১.৫৫.০৬০.১৭.৫৩৩৬, তারিখ: ০৮/১২/২০২৪; (খ) ছুটি না-মঞ্জুর পত্র: ৩০.৩১.০০০০.২০১.৫৫.০৬০.১৭.৫০৬৭, তারিখ: ৩১/১০/২০২৪ এবং (গ) বেতন ভাতা বন্ধ প্রসঙ্গে পত্র: ৩০.৩১.০০০০.২০১.৫৫.০৬০.১৭.৫২২৭, তারিখ: ০৮/১২/২০২৪ যথা সময়ে পান নাই; যার প্রমাণক হিসাবে মেইল প্রাপ্তির স্ক্রিন শর্ট প্রেরণ করেছেন (কপি সংযুক্ত)। অর্থাৎ তার বিরুদ্ধে সদর দপ্তর কর্তৃক আনীত অভিযোগ জানার পূর্বেই তিনি (জনাব আরিফুর রহমান) দুই দুই বার ছুটি বৃদ্ধির জন্য আবেদন পাঠিয়েছিলেন। কিন্তু তার আবেদন কর্তৃপক্ষ কর্তৃক মঞ্জুর হয় নাই।

৭। এখানে যুক্তির খাতিরে যদি ধরেও নেয়া হয় যে, জনাব আরিফুর রহমান ২য় বার ১৬/১২/২০২৪ তারিখে তার আবেদন কৃত সর্বমোট ছয় মাস ছুটি মঞ্জুর হলেও গত ১৩ ফেব্রুয়ারি ২০২৫ তারিখে ১৮০ দিন মোট ছয় (০৬) মাস ছুটি শেষ হয়ে যেতো; তার চাহিত ০৬ মাস অতিক্রম হওয়ার পরও তিনি অদ্যাবধি দেশে প্রত্যাবর্তন করে কাজে যোগদান করেন নাই, এমনকী তার নিকট প্রেরিত কতিপয় প্রশ্নের বিস্তারিত জানতে চাওয়া উত্তরেও কবে নাগাদ তিনি দেশে ফিরে আসবেন এই রকমের কোনও ইঙ্গিত বা সময়সীমা প্রকাশ করেন নাই এবং অদ্যাবধী তিনি যুক্তরাষ্ট্রে অবস্থান করছেন।

৮। এই তদন্ত কাজের স্বার্থে জনাব আরিফুর রহমান এর কাছ থেকে ই-মেইল মাধ্যমে পাপ্ত সকল প্রকার কাগজ সংযুক্ত করা হলো।

**ঙ. চূড়ান্ত সিদ্ধান্তঃ**

উপরিউক্ত পর্যালোচনায় আমি এই মতে উপনীত হয়েছি যে, অভিযুক্ত জনাব আরিফুর রহমান, সহকারী পরিচালক (সিএনএস)-এর বিরুদ্ধে কর্তৃপক্ষ কর্তৃক আনীত বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এর প্রবিধান মালা, ২০২১ এর বিধি ৪৯ (খ) ও ৪৯ (গ) অনুযায়ী যথাক্রমে 'অসদাচরন' ও 'পলায়ণ' এর অভিযোগটি প্রমাণিত।

সংযুক্ত : ২৫ (পঁচিশ) পৃষ্ঠা

০২.০৭.২০২৫

সুপ্লব কুমার ঘোষ
উপ-পরিচালক (এটিএম/এপিএম)
হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর,
কুর্মিটোলা, ঢাকা-১২২৯।
ই-মেইল: suplobghosh@yahoo.com
ফোন: ০১৭২৬৬৫৯১৯৭ (WhatsApp)

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা
শৃঙ্খলা ও তদন্ত শাখা
www.caab.gov.bd

নথি নং-৩০.৩১.০০০০.২০১.৫৫.০৬০.১৭. ৫৫৯

তারিখ: ০৭ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ
২২ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ

বিষয়: দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ।

যেহেতু, আপনি জনাব মোঃ আরিফ-উর-রহমান, সহকারী পরিচালক (সিএনএস) আপনার স্ত্রীর উচ্চশিক্ষা লাভে সহায়তার জন্য যুক্তরাষ্ট্র গমনের উদ্দেশ্য বহিঃবাংলাদেশ ছুটির আবেদনের প্রেক্ষিতে বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের গত ১৫/০৮/২০২৪ তারিখের ৮৮০নং স্মারকের পত্রমূলে ১৫ (পনের) দিন বহিঃবাংলাদেশ অর্জিত ছুটির অনুমোদনপ্রাপ্ত হয়ে ১৮/০৮/২০২৪ তারিখ যুক্তরাষ্ট্র গমন করেন, কিন্তু অনুমোদিত ছুটি ভোগ শেষে যথাসময়ে দেশে প্রত্যাবর্তন না করে অনুমোদিত ছুটির ধারাবাহিকতায় ১৭/১২/২০২৪ তারিখ পর্যন্ত ৩ মাস ১৫ দিন বহিঃবাংলাদেশ ছুটি বর্ধিত করার আবেদন প্রেরণ করেন এবং আপনার ২৯/০৮/২০২৪ তারিখের উক্ত আবেদন কর্তৃপক্ষ কর্তৃক নামঞ্জুরপূর্বক আপনাকে অতিদ্রুত দেশে প্রত্যাবর্তন করে কাজে যোগদানের জন্য অনুরোধ করা হয়;

২.০ যেহেতু, আপনি বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় কেন আপনার বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে না মর্মে গত ০৮/১২/২০২৪ তারিখ ব্যাখ্যা তলব করা হলেও আপনার নিকট হতে কোন জবাব পাওয়া যায়নি এবং পরবর্তীতে ছুটি নামঞ্জুর পত্র ও ব্যাখ্যা তলব পত্র পুনরায় বিশেষ বাহক মারফত আপনার ঢাকাস্থ আবাসিক ঠিকানায়, আপনার ব্যক্তিগত ই-মেইল ও WhatsApp নাম্বারে প্রেরণ করা হলেও আপনি কর্তৃপক্ষের পত্রের কোন জবাব দাখিল না করে অতিরিক্ত ৬ মাস ছুটি বর্ধিত করার জন্য পুনরায় আবেদন জানান;

৩.০ যেহেতু, আপনার ১৬/১২/২০২৪ তারিখের আবেদন গ্রহণযোগ্য হিসেবে বিবেচিত না হওয়ায় এবং অনুমতিসহ দেশ ত্যাগ করে বিনা অনুমতিতে অনুমোদিত সময়ের পর বিগত ০২/০৯/২০২৪ তারিখ হতে ৬০ (ষাট) দিনের অধীক সময় যাবৎ বিদেশে অবস্থান করায়, আপনার উক্তরূপ কার্যকলাপ বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ-এর কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর বিধি ৪৯(খ) ও ৪৯(গ) অনুযায়ী যথাক্রমে 'অসদাচরণ' ও 'পলায়ন'-এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ বিধায় আপনার বিরুদ্ধে উক্ত অভিযোগ আনয়ন করে স্মারক নং-৩০.৩১.০০০০.২০১.৫৫.০৬০.১৭.৫৫৩৬ তারিখ: ১২ মার্চ ২০২৫ মূলে বিভাগীয় মামলা নং-০২/২০২৫ রুজুপূর্বক ১০(দশ) কার্যদিবসের মধ্যে জবাব দাখিলের জন্য বলা হয়। বিভাগীয় মামলার অভিযোগনামা ও অভিযোগ বিবরণী আপনার ঢাকাস্থ আবাসিক ঠিকানা, স্থায়ী ঠিকানা ও বহিঃবাংলাদেশ ঠিকানায় প্রেরণসহ ব্যক্তিগত ই-মেইল ও WhatsApp নাম্বারে প্রেরণ করা হয় এবং কর্তৃপক্ষের ওয়েবসাইটে প্রচার করা হয়। এছাড়া, পত্রটি উপ-পরিচালক (এইচ.আর)-এর দাপ্তরিক ই-মেইল হতে আপনার ব্যক্তিগত ই-মেইলে গত ০৬/০৪/২০২৫ তারিখ পুনরায় প্রেরণ করা হয়; এবং

৪.০ যেহেতু, নির্ধারিত সময়ের মধ্যে আপনার নিকট হতে কোন জবাব না পাওয়ায় বিভাগীয় মামলায় আনীত অভিযোগ তদন্তের সিদ্ধান্ত হলে একজন তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয় এবং তদন্তকারী কর্মকর্তা অভিযোগ তদন্তপূর্বক গত ০২/০৭/২০২৫ তারিখ তদন্ত প্রতিবেদন দাখিল করেন, যাতে আপনার বিরুদ্ধে বিভাগীয় মামলায় আনীত 'অসদাচরণ' ও 'পলায়ন'-এর অভিযোগ তদন্তকারী কর্মকর্তার প্রতিবেদনে প্রমাণিত হয়েছে।

৫.০ সেহেতু, তদন্ত প্রতিবেদনের ভিত্তিতে অভিযোগের গুরুত্ব বিবেচনায় বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ-এর কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর বিধি ৫০(১)(খ)(উ) অনুযায়ী বেবিচক আপনাকে 'চাকরি হতে বরখাস্তকরণ' সূচক গুরুদন্ড আরোপের প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ করেছে (তদন্ত প্রতিবেদনের কপি সংযুক্ত); এবং

৬.০ সেহেতু, উক্ত সিদ্ধান্ত মোতাবেক কেন আপনার প্রতি 'চাকরি হতে বরখাস্তকরণ' গুরুদন্ড অথবা অন্য কোন উপযুক্ত দন্ড আরোপ করা হবে না, সে বিষয়ে বেবিচক-এর কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর বিধি ৫৩(৬) মোতাবেক ৭ (সাত) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে কারণ দর্শানোর জন্য নির্দেশ প্রদান করা হলো। যথাসময়ে জবাব পাওয়া না গেলে একতরফাভাবে বিধি মোতাবেক পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে।

সংযুক্ত: বর্ণনামতে তদন্ত প্রতিবেদন ৩ (তিন) পাতা।

এয়ার ভাইস মার্শাল মোঃ মোস্তফা মাহমুদ সিদ্দিক
বিএসপি, জিইউপি, এনডিসি, এএফডব্লিউসি, এসিএসসি, পিএসসি
চেয়ারম্যান
ফোন: ৪১০৯১০০০

জনাব মোঃ আরিফ-উর-রহমান
(পিতা-মোঃ মজিবুর রহমান), সহকারী পরিচালক (সিএনএস)
পদায়ন: কক্সবাজার বিমানবন্দর, সংযুক্তিকৃত কর্মস্থল: হশাআবি, ঢাকা।
বর্তমান ঠিকানা: বাসা-বি ১/১, ক্যাব কোয়ার্টার, রোড-২৬, বনানী, ঢাকা।
বহিঃবাংলাদেশ ঠিকানা: Lafayette, Louisiana, U.S.A.
স্থায়ী ঠিকানা: বাড়ী-৩৭, রোড-৪, গ্রাম-শ্রী নারায়ন কান্দি, ইউনিয়ন-বলরামপুর, ডাকঘর-গাজীপুর, থানা-তিতাস, জেলা-কুমিল্লা (মোবাইল-০১৮৪৭৩০৫৬৮৩)।

পাতা-০২ দ্রষ্টব্য

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সদস্য (পরিচালনা ও পরিকল্পনা), সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।

২। সদস্য (প্রশাসন), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।

৩। নির্বাহী পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, কুর্মিটোলা, ঢাকা।

৪। পরিচালক (প্রশাসন), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।

৫। পরিচালক (সম্পত্তি ব্যবস্থাপনা), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।

৬। পরিচালক (সিএনএস) (চলতি দায়িত্ব), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ দাপ্তরিক ই-মেইল হতে পত্রটি সংশ্লিষ্ট কর্মকর্তার ব্যক্তিগত ই-মেইল, WhatsApp নম্বরে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ প্রমাণক প্রশাসন বিভাগে প্রেরণের জন্য)।

৭। পরিচালক (রুটিন দায়িত্ব), কক্সবাজার বিমানবন্দর, কক্সবাজার (অভিযুক্ত কর্মকর্তার অনুকূলে অতিরিক্ত প্রদানকৃত বেতন-ভাতাদি ফেরত আনার তথ্য প্রশাসন বিভাগে প্রেরণের জন্য)।

৮। সহকারী পরিচালক (হশাআবি'র প্রশাসনিক ও ফ্যাসিলিটেশন এর দায়িত্বে), হশাআবি, ঢাকা (দাপ্তরিক ই-মেইল হতে পত্রটি সংশ্লিষ্ট কর্মকর্তার ব্যক্তিগত ই-মেইল, WhatsApp নম্বরে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ প্রমাণক প্রশাসন বিভাগে প্রেরণের জন্য)।

১১.৭.২০২৫

এয়ার ভাইস মার্শাল মোঃ মোস্তফা মাহমুদ সিদ্দিক
বিএসপি, জিইউপি, এনডিসি, এএফডব্লিউসি, এসিএসসি, পিএসসি
চেয়ারম্যান